

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৩৮.১৭-২৯

তারিখঃ ১৮/০২/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ Civil Works with Accessories Maintenance, Beautification, Lighting, Guard Railing at FOB's (Package DCC W13) নির্মাণ কাজের চুক্তিবদ্ধ ঠিকাদার MAQ Engineering Ltd. কে প্রত্যারণা কাজে জড়িত থাকার কারণে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বারিত (Debarred) থাকার বিষয়টি গোপন করায় চুক্তির শর্ত ৩৯ মোতাবেক আলোচ্য চুক্তির বৈধতার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গো।**

সূত্রঃ DSCC এর স্মারক নং-৪৬.২০৭.০১৪.০৯.১০.৭০৮(১).২০১৭; তারিখঃ ১১/১২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারি ক্রয় আইন (ধারা-২৬) ও বিধি (বিধি-৪৮) অনুযায়ী সরকারি ক্রয় কাজে অংশগ্রহণের প্রাথমিক শর্ত হল দরদাতার আবশ্যকীয় যোগ্যতা বা eligibility। দরদাতার eligibility-এর অন্যতম নির্ণায়ক হিসেবে ITT Clause 4 এর নির্দেশনা অনুসরণ এবং Tender submission letter (section-5) এর অনুচ্ছেদ (i) অনুযায়ী অতীতে বাস্তবায়িত কোন ক্রয় কাজ/চুক্তির বিপরীতে একজন দরদাতা বারিত (debarred) নন মর্মে ঘোষণা প্রদান করতে হয়।

০২। বিবেচ্য পত্রে উল্লেখ করা হয়েছে যে, বর্ণিত ঠিকাদার তঁর debarred ঘোষিত হওয়ার বিষয়টি সংশ্লিষ্ট ক্রয়ের ক্ষেত্রে গোপন করেছিলেন। ফলে, বর্ণনা মোতাবেক, বিষয়টি আদর্শ দরপত্র দলিলের ITT Clause 4.2(b)-এর Fraudulent Practice এর আওতায় বিচার্য।

০৩। এমতাবস্থায়, ক্রয়কারী পিপিএ-২০০৬ এর ধারা-৬৪, পিপিআর-২০০৮-এর বিধি-১২৭ এবং ITT Clause 4.3 এবং 4.4 এর নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারে।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

  
(মোহাম্মদ সালাহ উদ্দিন)  
উপপরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/১০৩

প্রকল্প পরিচালক  
কেইস প্রকল্প  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
ঢাকা।

**অনুলিপিঃ**

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।